তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ২৭/২০১৪

অভিযোগকারী ঃ জনাব ফরহাদ চৌধুরী
পিতা-আহমদ নূর চৌধুরী
ফ্যান্টাসি বিল্ডিং,
২৭৬/এ, কলেজ রোড, চকবাজার
চট্টগ্রাম।

প্রতিপক্ষ ঃ জনাব সাইফুদ্দিন আহমেদ
সাবেক জনসংযোগ কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন, আন্দর কিল্লা
চট্টগ্রাম ।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ৩০-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ফরহাদ চৌধুরী ২১-১১-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. "দি মেমন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ" কর্তৃপক্ষ দলিলুর রহমানকে জায়গা বিক্রয় করার ব্যাপারে যেই পাওয়ার অব এ্যাটর্নি প্রদান করেন এবং সেই পাওয়ার এ্যাটর্নি মূলে জমি বিক্রয় করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে দলিলুর রহমান, পিতা-মরহুম নুর উল্লাহ, মেসার্স রহমান এন্টারপ্রাইজ, ৫৪, শাহী জামে মসজিদ মার্কেট (২য় তলা), আন্দরকিল্লা, চট্টগ্রাম যে বায়না দলিল করেন সে দলিলের ফটোকপি।

২. দলিলুর রহমান পাওয়ার এ্যাটর্নি মূলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট জমি বিক্রয় বাবদ বায়না দলিল মূলে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা + ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা সর্বমোট ২ দফায় ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার চেক/ পে-অর্ডারের চেক নং, চেক প্রদানের তারিখ এবং ব্যাংকের নাম (সম্ভব হলে চেকের ফটোকপি)।

৩. জমি ক্রয়, বিক্রয় সংক্রান্ত ব্যাপারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে দি মেমন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর বর্তমান ব্যবস্থাপনা কমিটি এবং দলিলুর রহমানের মধ্যে যেই ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদিত হয় সেই চুক্তির ফটোকপি।

৪. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এবং দি মেমন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর মধ্যে গত ০৬-০৮-২০১৩ ইং তারিখ জমি বিক্রয় সংক্রান্ত যেই রেজিষ্ট্রি দলিল হয় সে দলিলের ফটোকপি।

৫. দি মেমন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর বর্তমান কমিটির কর্মকর্তাদের জমি বিক্রয় বাবদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন থেকে এ পর্যন্ত কত টাকা প্রদান করা হয়েছে? প্রদানকৃত টাকার চেক নং, চেক প্রদানের তারিখ, ব্যাংকের নাম এবং টাকার অংকসহ বিস্তারিত বিবরণ(সম্ভব হলে চেকের ফটোকপি)।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ৩১-১২-২০১৩ তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৭-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

০৪। অভিযোগকারী সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয়। ৩০-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফরহাদ চৌধুরী গরহাজির। প্রতিপক্ষ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হিসাব রক্ষণ কর্মকর্তা (বিল) এবং সাবেক জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব সাইফুদ্দিন আহমেদ হাজির। প্রতিপক্ষ তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি বর্তমানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নন। পূর্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) থাকাকালীন তথ্য প্রাপ্তির একটি আবেদন প্রাপ্ত হন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্পত্তি ক্রয়-বিক্রয় বিষয়টি এস্টেট শাখার আওতাধীন। উক্ত বিষয় বস্তুর সাথে জনসংযোগ শাখার কোন সংশ্লিষ্টতা না থাকায় সংশ্লিষ্ট শাখা হতে তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীকে তথ্য প্রদানের জন্য ঐ শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নথি প্রেরণ করেন। প্রাপ্ত তথ্য অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে গ্রহণের জন্য মৌখিকভাবে বলেন এবং সাব-রেজিষ্ট্রার এর কার্যালয় হতে দলিলের কপি সংগ্রহের জন্য অবগত করেন।

০৬। আর্থিক সংশ্লেষ থাকায় ০৫ নং ক্রমিকের যাচিত তথ্যের মধ্যে চেকের ফটোকপি প্রদান আইন অনুযায়ী সমীচীন হবেনা মর্মে কমিশন মতামত প্রদান করেন।

পর্যালোচনা।

প্রতিপক্ষ এর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রতিপক্ষ কর্তৃক মৌখিকভাবে অভিযোগকারীকে সংশ্লিষ্ট শাখা হতে প্রাপ্ত তথ্য, তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করতে বলা হয়েছে। আর্থিক সংশ্লেষ থাকায় ০৫ নং ক্রমিকের যাচিত তথ্যের মধ্যে চেকের ফটোকপি প্রদান তথ্য অধিকার আইন অনুযায়ী সমীচীন হবেনা। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সংগৃহীত তথ্য অভিযোগকারীকে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১১-০৫-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত চেকের ফটোকপি ব্যতীত অবশিষ্ট তথ্য সরবরাহ করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো। যদি অভিযোগকারীর যাচিত তথ্য প্রদান সম্ভব না হয়, তাহলে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অভিযোগকারীকে তার কারণ উল্লেখপূর্বক অবগত করার জন্য বলা হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	স্বাক্ষরিত	স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)	**(মোহাম্মদ আবু তাহের)**	**(মোহাম্মদ ফারুক)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]